জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন- ১ অধিশাখা
www.powerdivision.gov.bd

নং- ২৭.০০.০০০০.০৪১.৯৯.০০৩.১৯. ৯১৭ তারিখঃ ২৫- ০৬- ২০১৯

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ২৭- ০৫- ২০১৯ তারিখে বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তঃবর্ণনামতে।

২৫/৬/২০১৯
(তাহমিনা ইয়াসমিন)
উপ- সচিব
ফোন- ৯৫১৩৩৬৪
dsadmin@pd.gov.bd

কার্যার্থে বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। চেয়ারম্যান, বিইপিআরসি।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, চট্রগ্রাম।
০৪। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ(স্রেডা), ঢাকা।
০৫। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/পরিকল্পনা ও নবায়নযোগ্য জ্বালানি/সমন্বয়), বিদ্যুৎ বিভাগ।
০৬। অতিরিক্ত সচিব (প্রশাসন/অপারেশন/উন্নয়ন/পরিকল্পনা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
০৭। চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।
০৮। মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৯। বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক, ঢাকা।
১০। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
১১। মহাপরিচালক, জিওলজিক্যাল সার্ভে অব বাংলাদেশ, ঢাকা।
১২। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, ঢাকা।
১৩। মহাপরিচালক, পাওয়ার সেল, ঢাকা।
১৪। যুগ্মসচিব (সকল)/যুগ্ম- প্রধান, বিদ্যুৎ বিভাগ।
১৫। যুগ্মসচিব (সকল)/যুগ্ম- প্রধান, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
১৬। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/পিজিসিবি/ইজিসিবি/আরপিসিএল/ওজোপাডিকো/এপিএসসিএল/ নওপাজেকো/ নওজোপাডিকো/সিপিজিসিবিএল/বিআইএফপিসিএল/বি- আর পাওয়ারজেন লিঃ, ঢাকা/খুলনা/ ব্রাহ্মণবাড়িয়া/রাজশাহী।
১৭। ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল/বিজিডিসিএল/জেজিটিডিএসএল/পিজিসিএল/কেজিডিসিএল/ বিজিএফসিএল/ এসজিএফএল/জিটিসিএল/ বাপেক্স/আরপিজিসিএল/বিসিএমসিএল/এমজিএমসিএল/ এসজিসিএল/পদ্মা অয়েল কোঃ লিঃ/ মেঘনা পেট্রোলিয়াম লিঃ/যমুনা অয়েল কোঃ লিঃ/ইআরএল/ এলপিজি/এসওসিএল, ঢাকা।
১৮। উপসচিব (সকল), বিদ্যুৎ বিভাগ/জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ

০১। মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টার একান্ত সচিব।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
০৪। সিনিয়র তথ্য কর্মকর্তা, বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন- ১ অধিশাখা

**বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব নসরুল হামিদ এমপি<br>প্রতিমন্ত্রী, বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৭-০৫-২০১৯খ্রিঃ |
| সভার সময় | : | বেলা ২.৩০ ঘটিকা। |
| সভার স্থান | : | বিদ্যুৎ ভবনস্থ বিজয় হল। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক'। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় বিশেষ আমন্ত্রণক্রমে উপস্থিত ছিলেন মাননীয় প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক উপদেষ্টা ড. তৌফিক- ই- ইলাহী চৌধুরী বীরবিক্রম এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে গঠিত জাতীয় কমিটির সদস্য- সচিব জনাব কামাল আবদুল নাসের চৌধুরী। সভার শুরুতে বিদ্যুৎ বিভাগের সিনিয়র সচিব জানান, বিদ্যুৎ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির জন্য 'সেবাবর্ষ' ঘোষণা, সেবার মান বৃদ্ধি ও মুজিব বর্ষে ১ ঘন্টা বেশী কাজ করার মূলনীতির ভিত্তিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে বিদ্যুৎ বিভাগের কর্মপরিকল্পনা প্রস্তুত করে ইতিমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। অতঃপর সভাপতি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব মহোদয়কে জ্বালানি বিভাগের কর্মপরিকল্পনা উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ জানান যে, জাতির পিতার জন্মশতবার্ষিকীতে রুটিন/গতানুগতিক কাজের বাইরে সাধারণ মানুষের মনে রাখার মত/দৃষ্টি আকর্ষণ করবে এমন সেবা প্রদান করা প্রয়োজন যাতে জন্মশতবার্ষিকী তাৎপর্যমন্ডিত হয়। অতঃপর তিনি বলেন, এ উপলক্ষে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ থেকে বিশেষ ২টি কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ২০২০ সালের মধ্যে 'অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ ব্যবস্থা নিশ্চিত' করার উদ্দেশ্যে বছরব্যাপী বিশেষ কার্যক্রম এবং মাল্টি- ক্লায়েন্ট সার্ভে ও নতুন মডেল পিএসসি এর মাধ্যমে অফশোর বিডিং রাউন্ড সম্পন্ন করে অফশোর ব্লক ইজারা প্রদান। অতঃপর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ আহসানুল জব্বার জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কর্মপরিকল্পনা বিস্তারিতভাবে উপস্থাপন করেন। বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব মোছাঃ মাকছুদা খাতুন বিদ্যুৎ বিভাগের কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত দুই বিভাগের কর্মকর্তাগণকে আলোচনার আহবান জানানো হলে তাঁরা তাঁদের মতামত ব্যক্ত করেন।

০২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে গঠিত জাতীয় কমিটির সদস্য- সচিব জনাব কামাল আবদুল নাসের চৌধুরী অনুষ্ঠানের গুরুত্ব তুলে ধরে এটি যথাযথ মর্যাদার সাথে পালনের জন্য সকলকে অনুরোধ জানান। জনগণকে সেবাদান ও উন্নয়ন কর্মকান্ডের সাথে সমন্বয় সাধনের বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে দুটো কমিটি গঠন করা হয়েছে। আন্তর্জাতিক প্রকাশনা সংক্রান্ত একটি কমিটি আছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আমাদের ইতিহাসে প্রথম সার্বভৌম বাঙালী। পৃথিবীর ইতিহাসে আর কোন দেশে এরুপ নজির নেই। তিনি ৭ই মার্চের ভাষণে যে নির্দেশনা দিয়েছেন সে নির্দেশে রাষ্ট্রীয় ক্ষমতায় না থেকেও সমগ্র জাতি পরিচালিত হয়েছে। বঙ্গবন্ধু সর্বযুগের সর্বশ্রেষ্ঠ বাঙালী, তাঁর প্রতি জাতির কৃতজ্ঞতা প্রদর্শনের অংশ হিসেবে জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানসূচি পরিচালিত হবে। জন্মশতবার্ষিকীতে বঙ্গবন্ধুর অবদান বিশ্ব দরবারে তুলে ধরা হবে। প্রত্যেক দপ্তর/সংস্থা যাতে স্বতঃস্ফুর্তভাবে পালন করতে পারে সেজন্য প্রত্যেকের পৃথক কর্মপরিকল্পনা করা হয়েছে।

চলমান পাতা- ২

০৩। ১৭ মার্চ ১৯২০ সালে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে একটি আন্তর্জাতিক মানের খেলা আয়োজন করা হবে। সেখানে ইউরোপিয়ান বা আমেরিকান টিম আসতে পারে। ৭ মার্চ, ১৭ মার্চ, ১৭ এপ্রিল দিবসগুলির সংগে বিদ্যুৎ ও জ্বালানি বিভাগের সেবা সংক্রান্ত অনুষ্ঠানগুলো সমন্বয় করা যেতে পারে। স্বাধীনতার পর একটি যুদ্ধ বিধ্বস্ত দেশ থেকে বর্তমানে মধ্যম আয়ের দেশে পরিণত করতে বঙ্গবন্ধুর ভিশন অনুযায়ী এগিয়ে যেতে হয়েছে। বাংলাদেশ সংবিধানে পল্লী বিদ্যুৎ এর বিষয়ে বলা হয়েছে। আগামী বছরের মধ্যে শতভাগ বিদ্যুতায়ন নিশ্চিত করা হবে। বিদ্যুৎ এবং জ্বালানি খাতে প্রাইভেট সেক্টরকে সমন্বয় করে এগিয়ে যেতে হবে। বাঙালী জাতিকে একটি পরিচ্ছন্ন জাতি হিসেবে গড়ে তুলতে কর্ম পরিবেশ পরিচ্ছন্ন রাখতে হবে। এ বর্ষে একটি পরিচ্ছন্ন কর্মস্থল প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে। বঙ্গবন্ধুর দর্শন অনুযায়ী আমরা যেন অক্ষম মানুষের দোরগোড়ায় সেবা পৌঁছাতে পারি সেটি আমাদের লক্ষ্য হওয়া উচিত।

উপদেষ্টা মহোদয় কোন কোন অনুষ্ঠান জাতীয় কমিটিতে অন্তর্ভুক্ত হবে এবং কোনগুলো স্ব স্ব মন্ত্রণালয় করবে এ বিষয়টি সমন্বয় করে কর্মসূচিগুলো চূড়ান্ত করার জন্য পরামর্শ প্রদান করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বিদ্যুৎ ও জ্বালানি খাতের অনুষ্ঠানসমূহে সরকারের পাশাপাশি প্রাইভেট সেক্টরকেও সম্পৃক্ত করার উপর তিনি গুরুত্বারোপ করেন।

০৪। সভায় বিস্তারিত আলোচনান্তে পূর্বের গৃহীত কর্মপরিকল্পনা এবং সংযোজিত পরিকল্পনাসহ নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

<u>বিদ্যুৎ বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমঃ</u>

- ২০২০ সনের ১৭ই মার্চ হতে ২০২১ সনের ১৭ই মার্চ পর্যন্ত সময়কে বিদ্যুৎ বিভাগ কর্তৃক 'সেবা বর্ষ' হিসেবে ঘোষণা প্রদান ও যথাযথভাবে প্রতিপালন করা। এ ছাড়াও প্রতিটি ইউনিয়নে জিএম পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত থেকে গ্রাহক সমাবেশ করবেন এবং তাৎক্ষনিক সমস্যার সমাধান করবেন;
- ২০২১ সনের ১৭ই মার্চের মধ্যে দেশব্যাপী শতভাগ এবং নির্ভরযোগ্য বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন করা। এ ছাড়া বিদ্যুৎ বিভাগ কর্তৃক গৃহীত পাওয়ার সেক্টর মাস্টার প্ল্যান কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন;
- গ্রাহক সেবার মান উন্নয়ন ও গ্রাহকদের ভোগান্তি লাঘবে অভিযোগ গ্রহণ ও প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System)-কে উন্নত করতে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন। সেবা গ্রহীতাদের অভিযোগ গ্রহণের লক্ষ্যে একটি বিশেষ হট লাইন নম্বর প্রবর্তণ;
- গ্রাহক সেবার উৎকর্ষ সাধনে বঙ্গবন্ধুর দর্শনের ভিত্তিতে সংস্থাসমূহে 'ইনোভেশন প্রতিযোগিতা' এর আয়োজন করা;
- সেবা বর্ষে (১৭ মার্চ ২০২০- ১৭ মার্চ ২০২১) বিদ্যুৎ বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারিগণ সেবা প্রদানের লক্ষ্যে নির্ধারিত সময়ের অতিরিক্ত ১ ঘন্টা বেশী কাজ করা;
- 'আমার গ্রাম আমার শহর' বিষয়বস্তুকে সামনে রেখে মডেল গ্রাম নির্বাচনপূর্বক পূর্ণাঙ্গরূপে গ্রামের উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন;
- সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুফলভোগী দরিদ্র জনগোষ্ঠীর জন্য বিদ্যুৎ সেবা সহজীকরণ ;
- বৈদ্যুতিক সরঞ্জামাদি এবং বৈদ্যুতিক ক্যাবলের Standard Specification করার উদ্যোগ গ্রহণ;
- বৈদ্যুতিক খাতে দেশে ও বিদেশে দক্ষ জনশক্তির চাহিদা পূরণকল্পে বৈদ্যুতিক কর্ম পেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে 'মুজিব বর্ষে' প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ৩ হাজার বেকার জনগোষ্ঠীকে মানব সম্পদে রূপান্তর করা;
- বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য 'কর্মজীবন উন্নয়ন পরিকল্পনা' প্রণয়ন করা হবে। দুর্নীতির ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি প্রতিপালনপূর্বক গ্রাহক হয়রানি মুক্তির লক্ষ্যে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
- অংশগ্রহণমূলক সম্পাদিত কর্ম- মূল্যায়ন পদ্ধতির প্রবর্তন ও বাস্তবায়ন। প্রতিটি দপ্তর/সংস্থা/কোম্পানির মধ্য থেকে কার্যক্ষেত্রে সফলতার জন্য বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান এবং প্রতিটি উপজেলায় সেবা প্রদানের ক্ষেত্রে একজন সেরা বিদ্যুৎ কর্মীকে বঙ্গবন্ধু পুরস্কার প্রদান;

চলমান পাতা- ৩

- মুজিব বর্ষে বিদ্যুৎ বিভাগের সাথে সংশ্লিষ্ট সকল সরকারি/বেসরকারি খাতের প্রতিষ্ঠানসমূহে পরিস্কার- পরিচ্ছন্নতা বিষয়ে প্রতিযোগিতার আয়োজন;
- বিদ্যুৎ খাতের বিবর্তনের উপর আন্তর্জাতিক মানের প্রকাশনা প্রকাশ;
- বিদ্যুতায়নে জাতির পিতার অবদান, বাংলাদেশের সংবিধানে পল্লী বিদ্যুতের স্বীকৃতি, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গঠন, পল্লী বিদ্যুতের সম্প্রসারণ বিষয়ে, বিদ্যুৎ খাতের অর্জন, ১৯৭৫ সালে ইঞ্জিনিয়ারদের সমাবেশে জাতির পিতার উক্তি অন্তর্ভুক্ত করে ডকুমেন্টারি প্রস্তুত। যা সারা বছর ধরে বিভিন্ন সেমিনার, সভা, স্থানীয় ও আন্তর্জাতিক প্রিন্ট/ ইলেকট্রনিক, সোস্যাল মিডিয়ায় প্রচার;
- বঙ্গবন্ধুর দর্শন, জাতীয় উন্নয়নে বিদ্যুৎ খাতের অবদান, বিদ্যুৎ খাতের অর্জন বিষয়ে জাতীয় বিদ্যুৎ সপ্তাহ আয়োজন এবং বঙ্গবন্ধুর অবদানের বিষয়ে আলোকপাত;
- সেবা সম্পর্কিত বঙ্গবন্ধুর বিভিন্ন বক্তৃতা ও উদ্বৃতি সংকলন করে বিদ্যুৎ বিভাগ ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানির সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারির মাঝে বিতরণ। জনগণকে বিদ্যুৎ সাশ্রয় ও দুর্ঘটনা প্রতিরোধে করণীয় সম্পর্কে সচেতন করার লক্ষ্যে ফ্লায়ার্স/লিফলেট বিতরণ;
- জাতীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে যে ওয়েবসাইট তৈরি করা হবে তার সাথে বিদ্যুৎ বিভাগ এর লিংক স্থাপন;
- বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে বিদ্যুতের ভূমিকা এবং টেকসই উন্নয়নে বিদ্যুৎ সাশ্রয় ও বিদ্যুতের যৌক্তিক ব্যবহারের লক্ষ্যে প্রচারণামূলক কার্যক্রম;
- বিদ্যুৎ বিভাগের মাসিক সমন্বয় সভায় বছরব্যাপী সেবা প্রদান সম্পর্কিত বঙ্গবন্ধুর নির্দেশনা নিয়ে আলোচনার মাধ্যমে উদ্বুদ্ধকরণ;
- দেশের প্রতিটি বিদ্যুৎ বিতরণ কেন্দ্রের প্রবেশ দ্বারে বঙ্গবন্ধুর সেবা সম্পর্কিত বক্তব্য ও উক্তিসমূহ ইলেকট্রনিক বোর্ড স্থাপনের মাধ্যমে প্রচারের ব্যবস্থাকরণ;
- মুজিব বর্ষে বিভিন্ন কর্মসূচিকে জাতীয় দিবসসমূহের সাথে একীভূত করা;
- বিদ্যুৎ খাতের সাথে সংশ্লিষ্ট আন্তর্জাতিক প্রতিষ্ঠানসমূহের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং সরকারি/বেসরকারি নিয়োগকারীদের সমন্বয়ে আন্তর্জাতিক পর্যায়ের সিম্পোজিয়াম আয়োজন করা;
- মুজিব বর্ষ উপলক্ষে জরুরি বিদ্যুৎ কাজে ব্যবহৃত সকল যানবাহনে সেবা বর্ষের পৃথক লোগো ব্যবহার ও সজ্জিতকরণ;
- ২০২১ সালের (১৭ই মার্চ) বিদ্যুতের অপচয় রোধ ও অবৈধ সংযোগমুক্ত বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে অবৈধ সংযোগ মুক্ত বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নিশ্চিত করার উদ্দেশ্যে বছরব্যাপী বিশেষ কার্যক্রম গ্রহণ;
- বিদ্যুতের অপচয় রোধে সমগ্র দেশব্যাপী প্রি- পেইড মিটারিং কার্যক্রম গ্রহণ ;
- সমগ্র দেশব্যাপী বিদ্যুতের অপচয় এবং বিদ্যুতের দূর্ঘটনা রোধকল্পে স্কুল/কলেজ পর্যায়ের শিক্ষক ও শিক্ষার্থীদের- কে নিয়ে সচেতনতামূলক কার্যক্রম আয়োজন ।

<u>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমঃ</u>

- জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের তথ্যাদি,জ্বালানি বিষয়ে জাতির পিতার পরিকল্পনা এবং এ ক্ষেত্রে বর্তমান সরকারের অর্জন,ভবিষ্যৎ কর্মপরিকল্পনা এবং প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাদি নিয়ে একটি প্রকাশনা প্রকাশ করা;
- বঙ্গবন্ধুর উদ্ধৃতি,বক্তব্য,ছবি সম্বলিত তথ্য,অর্থনীতিতে জ্বালানি খাতের অবদান,বর্তমান সরকারের সাফল্য, কর্মপরিকল্পনা ইত্যাদি নিয়ে একটি ডক্যুমেন্টরি/ভিডিও ক্লিপ (বাংলা.ও ইংরেজী উভয় ভাষায়) তৈরি করা;
- সারা বছরব্যাপী ইলেক্ট্রনিক,প্রিন্ট,সোশ্যাল মিডিয়া,মোবাইল ফোন ইত্যাদিতে জ্বালানি সেক্টর সম্পর্কিত বিভিন্ন তথ্য, জনসচেতনতামূলক কার্যক্রম (যেমনঃ এলপিজি,সিএনজি গ্যাস ও জ্বালানি তেল ব্যবহার,দুর্ঘটনা প্রতিরোধ ইত্যাদি) প্রচারণা;
- টিভিতে জ্বালানি সংক্রান্ত নির্ধারিত বিষয়ে টকশো-তে অংশগ্রহণের মাধ্যমে প্রচারণা:

চলমান পাতা- ৪

- সরকার কর্তৃক কেন্দ্রীয়ভাবে আয়োজিত উন্নয়ন মেলাসহ প্রাসঙ্গিক সকল কর্মকান্ডে/দিবসে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অংশগ্রহণ;
- মাল্টি- ক্লায়েন্ট সার্ভে এবং নতুন মডেল পিএসসি এর মাধ্যমে অফশোর বিডিং রাউন্ড আহবান করে ব্লক ইজারা দেয়া হবে;
- জ্বালানি সেক্টরের যে কোন একটি কাজ চিহ্নিত করে অটোমেশন করা (যেমন, বড় ৫টি তেলের ডিপো);
- ২০২০ সালের মধ্যে 'অবৈধ সংযোগ মুক্ত গ্যাস বিতরণ ব্যবস্থা নিশ্চিত' করার উদ্দেশ্যে বছরব্যাপী বিশেষ কার্যক্রম (ক্র্যাশ প্রোগ্রাম) গ্রহণ;
- জ্বালানি খাতে বিশেষ অবদান/উদ্ভাবন ইত্যাদির জন্য ব্যক্তি/উদ্যোক্তা/প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা;
- স্কুল-কলেজ, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক রচনা প্রতিযোগিতা/বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা;
- জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ দপ্তর/সংস্থা/কোম্পানি কর্তৃক বিভাগ, অঞ্চল, জেলা ও উপজেলা পর্যায়ে জন্মশত বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা;
- সরকার কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনার আলোকে কার্যক্রম গ্রহণ করা হবে;
- জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস-২০২০ এ একটি আর্ন্তজাতিক মানের কনফারেন্স আয়োজন করা। কনফারেন্সে জ্বালানি ও বিদ্যুৎ খাতে বিভিন্ন দেশের (যেমনঃ ভারত, নেপাল, ভূটান, শ্রীলংকা ইত্যাদি) বিশেষজ্ঞ/গবেষকগণকে আমন্ত্রণ জানানো;
- জ্বালানি নিরাপত্তা দিবসে/সুবিধাজনক সময়ে ৩/৪ দিনব্যাপী মেলা আয়োজন করা। মেলায় ভারত, ভূটান, নেপাল ইত্যাদি পার্শ্ববর্তী দেশের জ্বালানি ও বিদ্যুৎ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রীবর্গকে আমন্ত্রণ জানানো।

০৫। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ার মানসে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৯ সালে 'ডিজিটাল বাংলাদেশ' গড়ার যে প্রত্যয় ব্যক্ত করেছেন তার সফল বাস্তবায়নে সরকারি খাতে 'পেপারলেস অফিস' প্রচলনের লক্ষ্যে এ মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহকে উদ্যোগ গ্রহণ করতে হবে।এ উদ্দেশ্যে বিদ্যুৎ বিভাগের উদ্যোগে ইতোমধ্যে প্রচলিত Enterprise Resource Planning (ERP) সফওয়্যারটির আরো বহুল ব্যবহার নিশ্চিত করতে হবে। বিদ্যুৎ বিভাগের অভিজ্ঞতার আলোকে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগকেও অনুরুপ ERP সিষ্টেম ব্যবহার করতে হবে।

০৬। এ ছাড়া উল্লিখিত কর্মপরিকল্পনাসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত উভয় বিভাগকে বিভিন্ন উপকমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৭। অতঃপর, আর কোন আলোচনা না থাকায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-২৪-০৬-২০১৯
(নসরুল হামিদ এমপি)
প্রতিমন্ত্রী
বিদ্যুৎ,জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়